

## প্রাথমিক সমাপনী ফল ৩১ ডিসেম্বর

বই উৎসব ১ জানুয়ারি

নিজস্ব প্রতিবেদক •  
প্রাথমিক শিক্ষা ও ইবতেদায়ি শিক্ষা  
সমাপনী পরীক্ষার ফল আগামী ৩১  
ডিসেম্বর বৃহস্পতিবার প্রকাশ করা  
হবে। এদিন সকাল ১০টায় পশ্চিমবঙ্গ  
প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী মোস্তাফিজুর  
রহমান এ পরীক্ষার ফলাফলের ফি-  
প্রধানমন্ত্রীর কাছে হস্তান্তর করবেন।  
এরপর দুপুর ১২টায় মন্ত্রণালয়ের  
সভাকক্ষে সংবাদ সম্মেলনে  
ফলাফলের তথ্য-উপাত্ত তুলে ধরবেন  
মন্ত্রী। এ সময় মন্ত্রণালয়ের সচিব হুমায়ুন  
খালিদ, প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের  
মহাপরিচালক আলমগীরসহ  
মন্ত্রণালয়ের এরপর পৃষ্ঠা ৯ কলাম ৪

## প্রাথমিক সমাপনী

(৩ এর পঠার পর) উর্দুভিত্তিক  
কর্মকর্তাদের উপস্থিত থাকার কথা  
রয়েছে। ১ জানুয়ারি বই উৎসব পালন  
করবে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।  
এদিন সকাল ১০টায় রাজধানীর মিরপুর-  
২ এ ন্যাশনাল বাহো সরকারি প্রাথমিক  
বিদ্যালয়ে পাঠ্যপুস্তক বিতরণ করবেন  
প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী।  
এ বছর সারা দেশে প্রাথমিক ও  
ইবতেদায়ি ২ কোটি ২৩ লাখ ২২ হাজার  
৪২৮ শিক্ষার্থীর মাঝে ১০ কোটি ৮৭  
লাখ ১৯ হাজার ৯৯৭টি বই বিতরণ করা  
হবে। এছাড়া ৩২ লাখ প্রাক-প্রাথমিক  
শিক্ষার্থীদের হাতে ৩ কোটি ২৮ লাখ ৮  
হাজার ৫৩টি বই ও অনুশীলন খাতা  
বিতরণ করা হবে বলে জানিয়েছেন  
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের তথ্য ও  
জনসংযোগ কর্মকর্তা রবীন্দ্রনাথ রায়।